[redacted]

[redacted]

সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আঃ লতিফ

১৮ বছর পর অনুষ্ঠিত হল চুয়াডাঙ্গার জীবননগর উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন। এই ত্রি-বার্ষিক সম্মেলনকে ঘিরে সাজসাজ রব ও উৎসবে পরিণত হয়েছিল উপজেলা জুড়ে।

আওয়ামী লীগসহ সহযোগি সংগঠনের নেতা-কর্মীদের মাঝে ছিল অন্যরকম আমেজ। গতকাল সোমবার সকালে দুটি পর্বে জীবননগর ইক্ষু ক্রয় কেন্দ্র মিলানয়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন ঘিরে সভাপতি পদ ও সাধারণ সম্পাদক পদ নিয়ে নেতাকর্মিদের ছিল নানা ধরনের আলোচনা সমালোচনা। দলীয় সূত্রে জানা যায়, জীবননগর উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন সর্বশেষ ২০০৪ সালে অনুষ্ঠিত হয়।

এ সম্মেলনে জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম মোর্তুজা সভাপতি ও সাধারণ সম্পাদক পদে উথলী ইউপি চেয়ারম্যান শরীফ উদ্দিন নির্বাচিত হন। ২০১৫ সালে সাধারণ সম্পাদক উথলী ইউপি চেয়ারম্যান শরীফ উদ্দিন মারা গেলে দলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হন ১নং যুগ্ম সাধারণ সম্পাদক পৌর কাউন্সিলর আলী আহাম্মদ।

২০১৮ সালে তিনি মারা গেলে দলের সাধারণ সম্পাদকের হাল ধরেন উপাধ্যক্ষ নজরুল ইসলাম। তিনি গত ৫ বছর ধরে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

দীর্ঘ ১৮ বছর পর উপজেলা সম্মেলন অনুষ্ঠিত হওয়ার ঘোষণা আসার পর থেকে দলীয় নেতা-কর্মীদের মাঝে প্রাণ ফিরতে শুরু করে। গত কয়েক দিন যাবৎ উপজেলা জুড়ে সব স্থানে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে। সম্মেলন মঞ্চসহ পৌর শহর ও উপজেলার গুরুত্বপুর্ণ সড়ককে সাজানো হয়েছিল বর্ণিল সাজে।

সম্মেলনের প্রথম অধিবেশন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি

গোলাম মোতুজার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এ সময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক।

অনুষ্ঠান উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির কার্যনিবাহী সদস্য পারভীন জামান কল্পনা, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মোশারফ হোসেন, জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারন সম্পাদক ও সাবেক পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন প্রমুখ।

মধ্যহ্ন ভোজ শেষে দ্বিতীয় অধিবেশন শুরু হয় চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুনের সভাপতিত্বে জীবননগর উপজেলার সকল ইউনিটের সভাপতি,সম্পাদকের সম্মতিতে প্রধান অতিথি বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক তিন বছরের জন্য জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি উপাধ্যক্ষ নজরুল ইসলামকে ও সাধারন সম্পাদক হিসাবে আবু মোঃ আব্দুল লতিফ অমলের নাম ঘোষনা করেন।

এদিকে দীঘ ১৮বছর পর জীবননগর উপজেলা আওয়ামী লীগের নতুন কমিটি গঠন করা এবং দলের নিয়মনুযায়ী বিদ্রোহী প্রাথীদের বাদ দিয়ে সচ্ছ ও দলের ত্যাগী নেতাদের মূল্যয়ন হয়েছে বলে ধারনা করছেন আওয়ামী লীগের তৃনমূল নেতাকর্মিরা।

মেহেরপুর জেলা ট্রাক মালিক

গ্রুপ নির্বাচনে সভাপতি পদে গোলাম রসুল নির্বাচিত

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপ এর দ্বি-বার্ষিক নির্বাচন-২০২১ পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছেন হাজী মোঃ গোলাম রসুল।

সোমবার মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে জেলা ট্রাক মালিক গ্রুপ নির্বাচন বোর্ডের তত্ত্বাবধায়নে সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোট গ্রহণ চলে।

৩৭৩ জন ভোটারের মধ্যে ৩০১ জন ভোটার তাদের ভোট প্রদান করেন। ৩০১ ভোটের মধ্যে হাজী মোঃ গোলাম রসুল পেয়েছেন ২৬২ ভোট, তার একমাত্র প্রতিদ্বন্দ্বী এসকেন্দার আলী পেয়েছেন ৩৭ ভোট এবং বাতিল হয়েছে ২টি ভোট।

প্রাপ্ত ভোটের ফলাফলে সর্বোচ্চ ভোট পাওয়ায় হাজী মোঃ গোলাম রসুল কে বেসরকারিভাবে জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি ঘোষণা করে নির্বাচন বোর্ড।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বিবার্ষিক নির্বাচন-২০২১ মোট ২৭টি পদের বিপরীতে মনোনয়নপত্র জমা পড়ে ২৮টি। ২৬ টি পদে একক প্রার্থী হওয়ায় ওই পদ গুলোতে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতরা হলেন সাধারণ সম্পাদক পদে বর্তমান সম্পাদক মিজানুর রহমান রানা, সহ-সভাপতি পদে আসাবুল হক, মাহফুজুর রহমান রিটন, হাফিজুর রহমান, আনোয়ার সাদাত খোকন, সহ সাধারণ সম্পাদক পদে সালাউদ্দিন আহমেদ শহীদ, মুস্তাক আহমেদ বাবু, নুরুজ্জামান। সাংগঠনিক সম্পাদক পদে সোহরাব হোসেন, আশরাফুল হক বাবু। সড়ক সম্পাদক পদে আনিসুর রহমান, আব্দুর রশিদ। ক্রীড়া সম্পাদক পদে ইসরাফিল হোসেন, প্রচার সম্পাদক পদে রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ পদে আমিনুর ইসলাম, কার্যনির্বাহী সদস্য পদের সুমন আলী,মহব্বত হোসেন,তানভির আহমেদ রানা, রফিকুল ইসলাম, মফিজল ইসলাম , আজিজুল বারী মুকুল, আব্দুল খালেক, মুক্তি মিয়া, জাকারিয়া, আলমিজ হোসেন, সাকি রেজাউল হক। মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন পরিচালনা করেন জেলা ট্রাক মালিক গ্রুপের চেয়ারম্যান আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, সদস্য নুরুল আহমেদ ও

হরিণাকুণ্ডুতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের প্রস্তুতি সভা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলাতে আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

এদিন সারাদেশের ন্যায় হরিণাকুণ্ডু উপজেলাতে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির শুভ সূচনা হবে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে উপজেলা প্রশাসন।

উপজেলা পরিষদ সন্মেলন কক্ষে, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহম্মেদ এর সভাপতিত্বে সোমবার মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের প্রস্তুতি সভায় প্রধান অতিথী হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, হরিণাকুণ্ডু থানা ইন্সপেক্টর তদন্ত রিয়াজুল ইসলাম। এ ছাড়াও বক্তব্য রাখেন জোড়াদাহ কলেজ অধ্যক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান এ্যাডঃ বজলুর রহমান, কামাল হোসেন।

তাছাড়া কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসাইন, প্রাণী সম্পদ কর্মকর্তা উজ্জল কুমার কুন্ডু, মহিলা বিষয়ক কর্মকর্তা মূন্সী ফিরোজা সুলতানা, যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন, উপজেলা প্রোগ্রামার ওয়সিকুর রহমান, আনসার ভিডিপি কর্মকর্তা রিনা খাতুন,সমাজসেবা কর্মকর্তা শিউলি রাণী সহ বিভিন্ন দপ্তর প্রধান। হরিণাকুণ্ডু প্রেসক্লাব সভাপতি এইচ মাহবুব মিলু, সাধারণ সম্পাদক

সুদীপ্ত সালাম, যুগ্ম-সাধারণ সম্পাদক রাব্বুল হুসাইন, ইসলামী ফাউন্ডেশন সুপারভাইজার, শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আবু সাইদ টুনু সহ অনেকে।

সভায় ২৫মার্চ গণহত্যা দিবসে শহীদ স্মৃতিস্তম্ভে পূষ্পমাল্য অর্পণ সহ আলোচনা এবং মহান স্বাধীনতা এবং জতীয় দিবসে দিবসে নানামুখী কর্মসুচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বামীকে ঘুমের ঔষধ খাওয়ায়ে ভাতিজার সাথে চাচী উধাও

স্বামীকে ঘুমের ঔষধ খাওয়ায়ে ঝিনাইদহের শৈলকুপায় ২ সন্তানের জননী সোনিয়া খাতুন (৩৬) ভাতিজা সুজ্জাত মিয়া (২৮) এর সাথে প্রেমের সর্ম্পকে জড়িয়ে অজানার উদ্দ্যেশে পাড়ি জমিয়েছেন। গত বুধবার রাতে উপজেলার দিগনগর গ্রামে এঘটনা ঘটে।

সোনিয়ার স্বামী দিগনগর গ্রামের আকমল শেখ জানায়, একই উপজেলার বৃত্তিপাড়া গ্রামের ইসরাইল শেখের মেয়ে সোনিয়ার সাথে পারিবারিক ভাবে ২০ বছর পূর্বে বিয়ে হয়। সংসার জীবনে তাদের দুই সন্তান রয়েছে।

বড় মেয়ে লাম্মি বয়স ১২ বছর ও ছোট ছেলে সিয়াম এর বয়স ৯ বছর। ছেলে সিয়াম এর মসুলমানী করানোর কথা ছিল গত (১১মার্চ) বৃহস্পতিবার।

কিন্তু তার আগের দিন বুধবার রাতে আমাকে ঘুমের ঔষধ খাওয়ায়ে স্ত্রী সোনিয়া প্রতিবেশী খসরু মিয়ার ছেলে সম্পর্কে ভাতিজা সুজ্জাত মিয়ার সাথে পালিয়ে যায়।

তিনি আরো জানায়, যাওয়ার সময় সোনিয়া ছেলেকে মুসলমানী করানোর জন্য গচ্ছিত গরু বিক্রির নগত টাকা ও তার ব্যবহৃত স্বর্ণালংকার সঙ্গে নিয়ে যায়। তিনি এঘটনায় শৈলকুপা থানায় একটি জিডি করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরোকীয়া জুটির।

স্কুল শিক্ষিকা লোপা চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার মোছাইনগর গ্রামের আব্দুল জলিলের ছেলে আসাদুজ্জামানের স্ত্রী।
স্ত্রী লোপা চুয়াডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক এবং আসাদুজ্জামান একটি ওষধ কোম্পানীর আঞ্চলিক কর্মকর্তা। চাকুরির সুবাধে চুয়াডাঙ্গা শহরে ভাড়া বাসাতে থাকতেন।

তিন সন্তানের জননি লোপা ও তার প্রেমিক নরশিংদীর বাকেরনগর গ্রামের আব্দুর রশিদের ছেলে হুমায়ন কবীর ওই বাসাতে বসেই হত্যার পরিকল্পনা করেন।সেমতে ২০২০ সালের ২৭ মার্চ দিবাগত রাতে দুধের সাথে বিষ মিশিয়ে হত্যা করে স্বামী আসাদুজ্জামানকে। হত্যার পরপরই মিথ্যা নাটক সাজাই স্ত্রী লোপা। স্ট্রোক করে মারা গেছেন বলে প্রচার করেন লোপা।
পরে পরিবারের লোকজন তার মরদেহ উদ্ধার করে গাংনী উপজেলার চাঁদামারী গ্রামের দাফন সমপন্ন করেন।

কিছুদিন যেতে না যেতেই লোপা ও তার পরোকীয়া প্রেমিক হুমায়ন কবীর বিয়ে করে ফেলেন। এই সময়ের মধ্যে নিহত আসাদুজ্জামানের পরিবারের লোকজনের মধ্যে সন্দেহের সৃষ্টি হয়। পরে লোপার বড় মেয়ে তাবাচ্ছুম তার মা লোপা ও পরোকীয়া প্রেমিক হুমায়ন কবীরের কিছু কল রেকর্ড ভিডিও কল উদ্ধার করে। এরপর আসাদুজ্জামানের ভাই লিটন হোসেন বাদী হয়ে স্ত্রী লোপা ও তার পরোকীয়া প্রেমিক হুমায়ন কবীরকে আসামী করে ২০২১ সালের ৩ মার্চ চুয়াডাঙ্গা আদালতে একটি হত্যা মামলা দায়ের করেন। মামলা নং ২১, তারিখ ০৩/১২/২০২১ ইং।

পরে আদালতের নির্দেশে চুয়াডাঙ্গা সদর থানা পিলিশ অভিযান চালিয়ে তাদের ভাড়া বাসা থেকে হুমায়ন কবীরকে আটক করে। পরে সে হত্যার কথা স্বীকার করে আদালতের বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের কাছে ১৬৪ ধারায় জবানবন্দি দেন।
পরে আদালতের নির্দেশে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদাত হোসেনের উপস্থিতে সদর থানা পুলিশের একটি টীম কবর খেকে বেলা ১১ টার দিকে মরদেহ উত্তোলন করেন।

চুয়াডাঙ্গা সদর থানার তদন্ত অফিসার (ওসি তদন্ত) আবু সাইদ জানান, ম্যাজিস্ট্রেটের উপস্থিতে মরদেহ কবর থেকে উত্তোলন করা হয়েছে। মরদেহ ডিএনএ করে পরবর্তি আইনগত ব্যবস্থা নেয়া হবে। এ মামলায় একজন আটক আছে। তবে তার স্ত্রীকেও আটক করা হবে।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [

ওয়ার্ড, কেএম বদরুল হাসানকে সভাপতি ও আনিসুজ্জামান বকুলকে সাধারণ সম্পাদক করে ৮ নম্বর ওয়ার্ড এবং হামিদুল ইসলামকে সভাপতি ও ফিরোজুর রহমানকে সাধারণ সম্পাদক করে ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়।
সভাপতির নেতৃত্বে অনুষ্ঠিত কিতনটি ওয়ার্ড সম্মেলনে জালাল উদ্দিন খোকনকে সভাপতি ও মনিরুজ্জামান সুজনকে সাধারণ সম্পাদক করে ২ নম্বর ওয়ার্ড, বশিরউদ্দিনকে সভাপতি ও তারিকুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ৫ নম্বর ওয়ার্ড এবং শামসুল আরেফিনকে সভাপতি ও ইমতিয়াজ আহমেদকে সাধারণ সম্পাদক করে ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়।

পরে নির্বাচিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের ফুলের মালা পরিয়ে একটি আনন্দ মিছিল বের করা হয়। আনন্দ মিছিলটি জেলা পরিষদ থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

দর্শনা পৌর আ.লীগের নবগঠিত কমিটি পরিচিতি ও সম্মেলন প্রস্তুতিসভা

দর্শনা পৌর আ.লীগের নবগঠিত কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। এ সভায় পরিচিতি পর্ব সহ দামুড়হুদা উপজেলা আ.লীগের সম্মেলন প্রস্তুতিমূলক আলোচনা করা হয়।

রোববার বিকালে দর্শনা পৌর আ.লীগের কার্যালয়ে অনুষ্ঠিত এ সভার সভাপতিত্ব করেন দর্শনা পৌর আ.লীগের সভাপতি, পৌর মেয়র মতিয়ার রহমান। আলোচনা করেন দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মঞ্জু, দর্শনা পৌর আ.লীগের সাধারণ সম্পাদক, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, সহসভাপতি বীর মুক্তিযোদ্ধা র“স্তম আলী, হাজি এরশাদ আলী, শফিকুল আলম, সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, আ.লীগ নেতা জাহিদুল ইসলাম, আ. হান্নান, মোমিনুল ইসলাম, হাজি শহিদুল ইসলাম, হাজি আ. জলিল, মোশাররফ হোসেন।

অন্যান্যের মধ্যে ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আ. হান্নান ছোট, কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ। এ সভায় দর্শনা পৌর আ.লীগের ৬৯ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটির নাম পরিচয় ঘোষনা সহ পরিচয় করান সভাপতি মতিয়ার রহমান।

এ ছাড়া আগামীকালের উপজেলা আ.লীগের প্রস্তুতিসভা যাতে সুষ্ট ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করা হয় সে জন্য নেতাকর্মিদের প্রতি আহ্বান জানান মতিয়ার রহমান ও আলী মুনছুর বাবু।

দীর্ঘ ১৮ বছর পর হতে যাচ্ছে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সম্মেলন আগামী ১৫ মার্চ দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সম্মেলন-কে সামনে রেখে দর্শনায় সাজানো হয়েছে ব্যানার ফেসটুন সহ বড় বড় গেট।